

## কৃষি সুপারিশ

১৩-১৫ই ফেব্রুয়ারি ২০২৩ (২৯ শে মঘ - ২রা ফাল্গুন, ১৪২৯)

**বোরো ধান :-** ৫ সপ্তাহ বয়সের ৫-৬ টি পাতবৃদ্ধ চারা রোয়া স্থাপতি গুছিতে ৪-৫ টি চারা ২০ সেমি X ১৫ সেমি দূরত্বে ৫ সেমি গভীরতায় রোয়া হয়। নোনা এলাকার পুতি গুছিতে ৬-৭ টি চারা দেওয়া দরকার। বাদামী শেষক পোক আক্রমণপূর্ণ এলাকার ১৫-২০ লাইন আন্ডর এক লাইন রোয়া না করে ফাঁকা রাখা উচিত।

**গম** - গম চাষে সেচ একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে কিন্তু গমের জমিতে জল দাড়িয়ে গেলে গম হলুদ হয়ে মারা যায়। গম চাষে ভালো ফলন পেতে ৪টি সেচ প্রয়োজন হয়। ১) মুকুট শিকড় দশা (বোনার ২১ দিন পর) ২) পাককাটি ছাড়া শেষ (বোনার ৪০-৪৫ দিন পর) ৩) ফুল আসা অবস্থা (বোনার ৯০-৯৫ দিন পর) এবং দুধ আসা অবস্থা (বোনার ১১০-১১৫ দিন পর)। গম চাষের সঙ্গে ফালা ঘাস, করাত ঘাস, বুনো জৈ অগাছা তিনটি জড়িত। বীজ বোনার ৪০-৪৫ দিন পর পর্যন্ত জমি অগাছা মুক্ত রাখতে হয়।

**আলু** - আলু বসানোর পর ৩৫-৪০ দিনে **কপার অক্সিজেনাইড (৫০%)** ৪ গ্রাম পুতি লিটার জলে গুলে স্প্রে করুন এবং দ্বিতীয় স্প্রে ৪৩-৫০ দিনে, তাপমাত্রা ১০ ডিগ্রির মতো হলে, **ম্যানকোজেব (৭৫%)** অথবা **প্রোপিনেব (৭০%)** ২.৫ গ্রাম পুতি লিটার জলে গুলে স্প্রে করুন। **ব্রোগ নাগলে** অবস্থাতে ১-৩ বার ছত্রাকনাশক স্প্রে করুন, যেমন : মটালক্সিল ৮% + ম্যানকোজেব ৬৪% মিশ্রন ২.৫ গ্রাম পুতি লিটার জলে গুলে স্প্রে করুন অথবা সাইমপ্লানিল ৮% + ম্যানকোজেব ৬৪% মিশ্রন ২.৫ গ্রাম পুতি লিটার জলে গুলে স্প্রে করুন অথবা **ডাইমিথোমর্ফ ৫০%** ১ গ্রাম + ম্যানকোজেব ৭৫% ১.২ গ্রাম পুতি লিটার জলে গুলে স্প্রে করুন। হেক্টর পুতি ৬০০-৭০০ লিটার জল স্প্রে করুন। পাতার উপর ও নীচে ভালোভাবে স্প্রে করুন। কোনো একটি ঔষধ বার বার ব্যবহার না করে অন্যান্য ঔষধগুলিও পর পর ব্যবহার করুন।

**তিসি** - বোনার ১০-১৫ দিন পর অগাছা দমন করার প্রয়োজন হয়। সাধারণত বিনা সেচে চাষ হয় তবে বোনার ৪০-৪৫ দিন পরে একটি সেচ ও সম্ভব হলে এর ৩০ দিন পরে আরো একটি সেচ দিতে পারলে ভাল হয়।

**শেত সরিষা** - তৈলবীজে অণুদ্য হিসেবে বোরোন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বীজ বোনার ৩ সপ্তাহ ও ৬ সপ্তাহের মাঝায় বোরোন ২০% ১ গ্রাম পুতি লিটার জলে গুলে স্প্রে করতে হবে।

**মসুর** :- সেচের সুবিধা থাকলে শূঁটি ধরার সময়ে (বীজ বোনার ৬০ দিন পর) ১টি সেচ দিতে পারলে ভাল হয়। ফুল আসার পর যদি ঘন কুরাশ, অফ বৃষ্টি হয়, তাহলে গাছের জগার দিক থেকে বাদামী বর্ণ ধারণ করে শীঘ্র কালে হয়ে যায়। ম্যানকোজেব ২.৫ গ্রাম বা ক্লোরোথ্যালোনিল ২.০ গ্রাম পুতি লিটার জলে গুলে স্প্রে করতে হবে।


**সূর্যমুখী** - গাছের ৪ সপ্তাহ ও ৮ সপ্তাহ বয়সে দু'বার ০.৫ গ্রাম চিলেটেড জিঙ্ক ও ২.০ গ্রাম বোরাক্স পুতি লিটার জলে গুলে স্প্রে করতে হবে।

**ভূট্টা** - হাইব্রীড ভূট্টার বীজ বোনার ৩০ ও ৪৫ দিন পরে পুতিবারে একরে ১৯ কেজি নাইট্রোজেন ও ৯ কেজি পটাশ প্রয়োগ করা উচিত।

ভূট্টার জমিতে ফল আর্মি ওয়ার্ম নামে লেদা চোকর আক্রমণ দেখা গেলে স্পানেটোরাম ১১.৭% এসসি ১ মিলি পুতি লিটার জলে বা ক্লোরান্ট্রানিলিপ্যাল ১৮.৫% এসসি ১ মিলি পুতি ৩ লিটার জলে বা ধারামিথোক্সাম ও ল্যামডা সাইক্লোপেরিন মিশ্রণ ০.৫ মিলি পুতি লিটার জলে গুলে সকালে বা সন্ধ্যায় স্প্রে করতে হবে।

বিস্তারিত জানতে আপনার ব্লকের স্থানীয় কৃষি পুস্তিকি সহায়ক বা সহ-কৃষি অধিকর্তার কার্যালয়ে যোগাযোগ করুন

কৃষি অধিকর্তা, পশ্চিমবঙ্গ সরকার-এর  
পক্ষে -



কৃষি-কৃষি অধিকর্তা (জনসংযোগ সম্প্রচার ও তথ্য),  
পশ্চিমবঙ্গ